



তথ্যবিবরণী

নম্বর: ১০৬

আগামীকাল রাজশাহীতে জনপ্রশাসন সংস্কার কমিশনের মতবিনিময়

রাজশাহী; ১০ অগ্রহায়ণ (২৫ নভেম্বর) :

আগামীকাল (২৬ নভেম্বর) সকাল সাড়ে দশটায় রাজশাহী জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে রাজশাহী বিভাগ ও জেলা পর্যায়ের কর্মকর্তা এবং গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে জনপ্রশাসন সংস্কার কমিশনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে।

জনপ্রশাসন সংস্কার কমিশনের কমিশন প্রধান আব্দুল মুয়ীদ চৌধুরী এর নেতৃত্বে সভায় উপস্থিত থাকবেন জনপ্রশাসন সংস্কার কমিশনের সদস্য ড. মো. মোখলেস উর রহমান, প্রফেসর ডা. সৈয়দা শাহীনা সোবহান এবং জনাব মেহেদী হাসান।

সভায় জনপ্রশাসনকে কীভাবে জনবান্ধব, নিরপেক্ষ, স্বচ্ছ ও জবাবদিহিতমূলক করা যায়, বর্তমান জনপ্রশাসন বিকেন্দ্রীকরণ, স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালীকরণ এবং জনপ্রশাসনে জনগণের সম্পৃক্ততা বৃদ্ধিতে করণীয় প্রভৃতি বিষয়ে আলোচনা হবে বলে রাজশাহী জেলা প্রশাসকের কার্যালয় সূত্রে জানা যায়।

.....
আতিক/আরিফ/আলীম/হালিম/১২:১০ঘ.